

105353 - মানুষের কর্তিত অঙ্গটির ক্ষেত্রে কী করা আবশ্যিকীয়?

প্রশ্ন

যদি কোন লোক দুর্ঘটনার শিকার হন এবং তার হাতটি বা পাটি কেটে ফেলা হয়; তবে লোকটি মারা না যায়; তার কর্তিত অঙ্গটিকে কী করা হবে? আমরা কি সেটাকে গোসল দিব, সেটার জানাযা পড়ব ও দাফন করব? নাকি কী করব?

প্রিয় উত্তর

জীবিত ব্যক্তির কর্তিত অঙ্গ সেটি দুর্ঘটনার কারণে কাটা হোক কিংবা শরয়ি দণ্ড হিসেবে কাটা হোক কিংবা অন্য কোন কারণে কাটা হোক সেটাকে গোসল দেয়া বা সেটার জানাযা নামায যাবে না। তবে একটি কাপড়ে পেঁচিয়ে সেটাকে কবরস্থানে দাফন করা হবে কিংবা কোন ভাল ও অমর্যাদা করা হয় না এমন জায়গায় দাফন করা হবে; যদি তার সন্নিহিতে কোন কবরস্থান না থাকে।

আল্লাহ্‌ই তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবারপরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ্‌ গাদইয়ান।

[গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (৮/৪৪৮)]

আল্লাহ্‌ই সর্বশ্রেষ্ঠ।